আন্দোলনরত ছাত্র-জনতার জন্য আর্জেন্টাইন ফুটবলারের প্রার্থনা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘিরে গত কয়েকদিনে শত শত মানুষের প্রাণ হারানোর শোকে স্তব্দ বাংলাদেশ। এই শোকের ছায়া পড়েছে বিশ্বব্যাপী। এবার ১৭ হাজার ৫০ কিলোমিটার দূরের দেশ আর্জেন্টিনার ফুটবলার এনজো ফার্নান্দেজও আন্দোলনকারী ছাত্র-জনতার পাশে দাঁড়ালেন।

ছাত্র-জনতা গত কয়েকদিন ফেসবুকে কয়েকটি প্রোফাইল পিকচার ব্যবহার করছেন। লাল রঙ ছাড়াও একটি ছবিতে দেখা যায়, লাল রঙের কাপড় দিয়ে চোখ বাঁধা, ব্যাকগ্রাউন্ডে বাংলাদেশের পতাকা। এমনই একটি ছবি ফেসবুকে এমন ছবি প্রকাশ করেছেন এনজো ফার্নান্দেজ।

আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই ফুটবলার ক্যাপশনে লিখেছেন, ‘আমার সকল বাংলাদেশি ভক্তরা, আমি আপনাদের কথা সুনতে পাচ্ছি এবং আপনাদের জন্য প্রার্থনা করছি।’

মাত্র এক ঘণ্টায় ১ লাখ ৩৮ হাজার মানুষের রিয়্যাক্ট এবং ৪০ হাজার শেয়ার হয়েছে পোস্টটি। কমেন্টস করে কৃতজ্ঞতা প্রকাশ করছেন বাংলাদেশিরা।

কমেন্ট বক্সে হাবিবা নাসরিন নামের একজন লিখেছেন, ‘আপনার পা ধোয়া পানি কোথা থেকে সংগ্রহ করা যাবে ভাই? আমাদের কিছু প্লেয়ারদের খাওয়াতাম আর কী!’

মিজানুর রহমান নামের একজন লিখেছেন, ‘ভালোবাসা দিলে সেটার প্রতিদান পাওয়া যায়, আপনি তার জ্বলন্ত প্রমাণ।’

শান্ত নামের একজন কমেন্ট বক্সে লিখেছেন, ‘বাংলাদেশের জনগণের অনুভূতিকে সম্মান করার জন্য আপনাকে ধন্যবাদ।’

প্রসঙ্গত, গত বিশ্বকাপের সময়ে পুরো বিশ্বে ছড়িয়ে পড়ে আর্জেন্টিনার প্রতি বাংলাদেশিদের আবেগ। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর্জেন্টিনার খেলা দেখার দৃশ্য নিয়ে মাতামাতি হয় আর্জেন্টিনাজুড়ে। লিওনেল মেসিও এটা নিয়ে কথা বলেন, কৃতজ্ঞতা

জানান। আর্জেন্টাইনরা এরপর থেকেই বাংলাদেশকে নিয়ে বাড়তি আবেগ দেখাচ্ছেন।

সূত্র: ইত্তেফাক

সৌদির ৫টি শহরের ১৫টি স্টেডিয়ামে হবে ২০৩৪ বিশ্বকাপ

একমাত্র বিডার হওয়ায় আগে জানা গিয়েছিল ২০৩৪ সালের ফুটবল বিশ্বকাপের আয়োজক হচ্ছে সৌদি আরব। এই আসরে অংশ নিবে ৪৮টি দল। ১০ বছর পর অনুষ্ঠিতব্য এই আসর হবে সৌদির ৫টি শহরের ১৫টি স্টেডিয়ামে। এমনটাই জানিয়েছে সৌদি আরবের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সৌদি প্রেস এজেন্সি (এসপিএ)।

জানা গেছে, ১৫টি স্টেডিয়ামের মধ্যে সৌদির রাজধানী রিয়াদেই থাকবে ৮টি। বাকি ৭টি স্টেডিয়াম থাকবে চার শহর জেদ্দা, আল খোবার, আবহা ও ৫০০ বিলিয়ন ডলার অর্থমূল্যের নতুন শহর নিওমে।

বিডের দলিল অনুসারে, ৪৮ দলের বিশ্বকাপ আয়োজন করতে সৌদির কমপক্ষে ৪০ হাজার দর্শক ধারণক্ষমতার ১৪টি স্টেডিয়াম লাগবে। বর্তমানে সৌদির এমন স্টেডিয়াম আছে দুটি-জেদ্দার কিং আবদুল্লাহ স্টেডিয়াম ও রিয়াদের কিং ফাহাদ স্টেডিয়াম। এর মধ্যে ফাহাদ স্টেডিয়ামে এখনও কাজ চলছে। বাকি ১৩টি স্টেডিয়াম ফিফার চাহিদা অনুযায়ী নির্মাণের অপেক্ষায় রয়েছে দেশটি।

এর মধ্যে একটি নির্মাণের অপেক্ষাধীন কিং সালমান স্টেডিয়াম। যে স্টেডিয়ামের দর্শক ধারণক্ষমতা হবে ৯২ হাজার। এখানেই হবে বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল ম্যাচ।

সূত্র: ইত্তেফাক

মুশফিক-মুমিনুলকে নিয়ে পাকিস্তান সফরে বাংলাদেশ এ’ দল

গতকাল মঙ্গলবার বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) পাকিস্তান সফরের জন্য ‘এ’ দলের স্কোয়াড ঘোষণা করেছে। এই সফরে দুটি চার দিনের ম্যাচ ও তিনটি এক দিনের ম্যাচ রয়েছে। চার দিনের ম্যাচের প্রথমটিতে রাখা হয়েছে মুশফিকুর রহিম ও মুমিনুল হককে।

প্রথম চার দিনের ম্যাচের স্কোয়াড
মাহমুদুল হাসান জয়, জাকির হাসান, এনামুল হক বিজয়, মুমিনুল হক, মুশফিকুর রহিম, শাহাদাত হোসেন দিপু, মোসাদ্দেক হোসেন সৈকত, মাহিদুল ইসলাম অঙ্কন, নাঈম হাসান, হাসান মুরাদ, তানভীর ইসলাম, হাসান মাহমুদ, তানজিম হাসান সাকিব, রেজাউর রহমান রাজা ও রুয়েল মিয়া।

দ্বিতীয় চার দিনের ম্যাচের স্কোয়াড
এনামুল হক বিজয়, মোহাম্মদ নাঈম শেখ, সাইফ হাসান, সৌম্য সরকার, শাহাদাত হোসেন দিপু, মোসাদ্দেক হোসেন সৈকত, জাকের আলি অনিক, তাওহীদ হৃদয়, মাহিদুল ইসলাম, হাসান মুরাদ, তানভীর ইসলাম, মোহাম্মদ সাইফউদ্দিন, তানজিম হাসান সাকিব, রেজাউর রহমান রাজা ও রুয়েল মিয়া।

ওয়ানডে সিরিজের স্কোয়াড
সৌম্য সরকার, এনামুল হক বিজয়, মোহাম্মদ নাঈম শেখ, সাইফ হাসান, তাওহীদ হৃদয়, মাহিদুল ইসলাম অঙ্কন, মোসাদ্দেক হোসেন সৈকত, জাকের আলি অনিক, রিশাদ হোসেন, শেখ মাহেদী হাসান, তানভীর ইসলাম, মোহাম্মদ সাইফউদ্দিন, তানজিম হাসান সাকিব, রেজাউর রহমান রাজা ও রুয়েল মিয়া।

সূচি
চার দিনের প্রথম ম্যাচ ১০-১৩ আগস্ট
চার দিনের দ্বিতীয় ম্যাচ ১৭-২০ আগস্ট
প্রথম এক দিনের ম্যাচ ২৩ আগস্ট
দ্বিতীয় এক দিনের ম্যাচ ২৫ আগস্ট

তৃতীয় এক দিনের ম্যাচ ২৭ আগস্ট

সূত্র: ইত্তেফাক

নারী শুটিংয়ে স্কুলছাত্রীর স্বর্ণপদক জয়

বয়স মাত্র ১৬, পড়েন স্কুলে। তবে এসব যেন ভুলেই গিয়েছিলেন কোরিয়ান তরুণী বান হিউজিন। সাবলীলভাবে লক্ষ্য ঠিক রেখে নিজের বন্দুক থেকে একের পর এক বুলেট ছুড়ছিলেন। শেষ অবদি দেশকে এনে দেন পদকও। যা কি না গ্রীষ্ম অলিম্পিকের কোরিয়ার শততম স্বর্ণ পদক। আর শ্বাসরুদ্ধকর লড়াইয়ে হিউজিন হারিয়েছেন চীনের হুয়াং ইউটিংকে। যার ঝুলিতে কি না ইতিমধ্যে একটি স্বর্ণপদক রয়েছে।

গেল শনিবার ইউটিং ১০ মিটার এয়ার রাইফেলের মিশ্র ইভেন্টে শেং লিহাও-এর সঙ্গে জুটি গড়ে হারিয়েছিল বান হিউজিন এর দেশেকেই। মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেলের লড়াইয়ে বলতে গেলে সেটারই প্রতিশোধ নিয়ে নিলেন হিউজিন। হিউজিন আর ইউটিংয়ের বয়সের ব্যবধান মাত্র এক বছর। তবে দুজনের লক্ষ্যই দুর্দান্ত। যা দেখা গিয়েছিল গতকালের লড়াইয়ে। এই দুই তরুণীর স্কোরও ছিল সমান সমান ২৫১.৮। পরে শুটঅফে স্বর্ণ পদক জয়ী চূড়ান্ত হয়। যদিও সেখানেও হয়েছিল তুমুল লড়াই। কেউ কাউকে ছেড়ে কথা বলছিলেন না। তবে শেষ অবদি হিউজিনের হাতেই ওঠে স্বর্ণ পদক। আর ইউটিং-এর হাতে ওঠে রূপা।

এছাড়া এ লড়াইয়ে সুইজারল্যান্ডের অস্ত্রে গগনিয়াট জেতেন ব্রোঞ্জ। এদিকে যখন হিউজিন বুঝতে পারলেন যে তিনি স্বর্ণ জিতেছেন, তখন তিনি উপরে সিলিংয়ের দিকে তাকিয়ে তার রাইফেলটি নামানোর আগে একটি দীর্ঘ নিঃশ্বাস ফেললেন। পরে তার কোচকে জড়িয়ে ধরেন এবং তার সহকর্মী পদকপ্রাপ্তদের সঙ্গে পোজ দেওয়ার সময় চোখের জল মুছছিলেন তখন তিনি আবেগে কাঁপছিলেন বলে মনে হচ্ছিল। হয়তো তিনি নিজেও বিশ্বাস করতে পারছিলেন নিজের এই অর্জনকে।

পরে তিনি বলেন, ‘এই অল্প বয়সে, যখন আমি আমার পরিবার ছাড়া একা এই

গেমসে অংশ নিতে ফ্রান্সে আসি তখন নিজের মধ্যে অনেক চাপ অনুভব করছিলাম। কিন্তু ম্যাচের পর দেখলাম স্বদেশবাসী আমার জন্য উল্লাস করছে তখন আমার মনে হয়েছে, অবশেষে।’

দুই শট বাকি থাকতেই ১.৩ পয়েন্টের তুলনামূলক স্বাচ্ছন্দ্যময় লিড থাকার পরও হিউজিনের মনে হয়েছে তিনি স্বর্ণপদক হারিয়েছেন। ততক্ষণে তার একটি শট বাদে সবগুলোই সম্ভাব্য ১০.৯ এর কমপক্ষে ১০ পয়েন্ট অর্জন করেছিল, তবে তারপরে তিনি ৯.৯ এবং ৯.৬ শট করেছিলেন যাতে ইউটিং ব্যবধানটি কমাতে পারে এবং টাইব্রেকার শ্যুট-অফ যাতে ম্যাচটি যায়। সেখানে হিউজিন ১০.৪ স্কোর করে আর ইউটিং ১০.৩ স্কোর করেন।

শুটিংয়ে বাছাইপর্বে বাদ বাংলাদেশের রবিউল

প্যারিস অলিম্পিকে ছেলেদের ১০ মিটার এয়ার রাইফেলে অংশ নেন বাংলাদেশের রবিউল ইসলাম। তবে বাছাইপর্ব থেকেই বাদ পড়েছেন বাংলাদেশি এই শুটার। ৪৯ জন প্রতিযোগীর মধ্যে ৪৩তম হয়েছেন তিনি।

রোববার (২৮ জুলাই) শাতুহু শুটিং সেন্টারে বাছাইপর্বে ৬২৪.২ স্কোর করেন রবিউল। বাছাইপর্বে শীর্ষে থাকা চীনের লিহাও শেংয়ের স্কোর ৬৩১.৭। তার সমান স্কোর করে দ্বিতীয় হন আর্জেন্টিনার মার্সেলো হুলিয়ান গুতিরেজ।

বাছাইপর্বের সেরা আটজন শুটার লড়বেন পদক জয়ের লড়াইয়ে। ফাইনাল খেলার স্বপ্নে নিয়ে প্যারিসে পাড়ি জমিয়েছিলেন রবিউল। তবে সেই স্বপ্ন পূরণ করতে ব্যর্থ হলেন বাংলাদেশের এই শুটার।

জমকালো আয়োজনে প্যারিস অলিম্পিকের উদ্বোধন

‘গ্রেটেস্ট শো অন আর্থ’ খ্যাত অলিম্পিক গেমসের ৩৩তম আসরের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। জমকালো আয়োজনে ফ্রান্সের প্যারিসে অলিম্পিক গেমসের উদ্বোধন করেছেন দেশটির প্রেসিডেন্ট ইমানুয়েন ম্যাক্রো। শুক্রবার (২৬ জুলাই) বৃষ্টি ভেজা সন্ধ্যায় সিন নদীতে উদ্বোধনী অনুষ্ঠানে গান পরিবেশন করেন বিখ্যাত সংগীত শিল্পী লেডি গাগা।

৬ থেকে ৭ হাজার অ্যাথলেট অস্টারলিটজ সেতু থেকে নৌকা ও বার্জে করে সিন নদীর ৬ কিলোমিটার পাড়ি দেন। অলিম্পিকে তিনবারের গোল্ড মেডেলে জেতা ফ্রান্সিস মারি জোস পেরেক এবং টেডি রিনার অলিম্পিক মশাল প্রজ্বলন করেন।

ঐতিহ্য মেনে উদ্বোধনী অনুষ্ঠানে সবার আগে পরিচয় করিয়ে দেওয়া হয় অলিম্পিকের জন্মভূমি গ্রিসকে। এরপর শরণার্থী অলিম্পিক দল ও বর্ণানুক্রমিকভাবে একে একে অংশগ্রহণকারী দেশগুলোর কন্টিনজেন্ট আসতে থাকে বার্জে করে।

প্যারিস অলিম্পিক আয়োজক কমিটির সভাপতি টনি এস্তাগুয়েত গণমাধ্যমকে বলেন, ‘এমন আয়োজন করতে পেরে আমরা সত্যিই অনেক খুশি। খেলাধুলা এবং সংস্কৃতির এই বড় আসরের উদ্বোধনী অনুষ্ঠান করতে পেরে আমি খুবই খুশি। বৃষ্টি থাকা সত্ত্বেও আয়োজনটি দারুণ ছিল।’

আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি) সভাপতি টমাস বাখ বলেন, ‘আমাদের সঙ্গে স্বপ্ন দেখার জন্য সবাইকে আমন্ত্রণ জানাচ্ছি। জয়ের মাধ্যম আত্মবিশ্বাসী হও এবং আমাদের আরও খেলা উপহার দাও। চলুন আমরা এবার অলিম্পিক গেমস উপভোগ করি।’

সূত্র: ইত্তেফাক

ইউরো শেষে পদত্যাগ করলেন ইংলিশ কোচ সাউথগেট

পর্দা নেমেছে ইউরো চ্যাম্পিয়নশিপের। ফাইনালে স্পেনের কাছে ২-১ গোলে হেরে শিরোপা হাতছাড়া করেছে ইংল্যান্ড। ইউরোর ফাইনালে হারের দুই দিন পর দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন ইংল্যান্ডের কোচ গ্যারেথ সাউথগেট।

মঙ্গলবার (১৬ জুলাই) এক বিবৃতিতে সাউথগেট বলেছেন, ‘এখন নতুন একটি অধ্যায়ের জন্য পরিবর্তনের সময়। বার্লিনে স্পেনের বিপক্ষে রোববারের ফাইনালটি ছিল ইংল্যান্ড কোচ হিসেবে আমার শেষ ম্যাচ। একজন গর্বিত ইংরেজ হিসেবে ইংল্যান্ডের হয়ে খেলা এবং ইংল্যান্ডের কোচ হওয়া আমার জন্য সারা জীবনের সম্মান। এটা ছিল আমার কাছে সবকিছু। আমিও সর্বস্ব নিংড়ে দিয়েছি।’

ইংল্যান্ডকে ধন্যবাদ জানিয়ে বিবৃতিতে ৫৩ বছর বয়সী এই কোচ আরও বলেছেন, ‘আমাদের সমর্থক বিশ্বের সেরা। তাদের সমর্থন আমার কাছে সবকিছু। আমি সব সময় ইংল্যান্ডের সমর্থকই থাকব। আশা করছি, খেলোয়াড়েরা আরও দারুণ সব স্মৃতির জন্ম দিয়ে জাতিকে উদ্দীপ্ত করবে যেটা তারা পারে। সবকিছুর জন্য ধন্যবাদ ইংল্যান্ড।’

২০১৬ সালে ইংল্যান্ডের দায়িত্ব নেন সাউথগেট। তার অধীনে ২০১৮ বিশ্বকাপের সেমিফাইনাল, ২০২২ বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে খেলে ইংলিশরা। এছাড়াও তার অধীনেই দুইবার ইউরোর ফাইনালে খেলে ইংল্যান্ড।

সূত্র: ইত্তেফাক

ট্রফি জয়ে সবার শীর্ষে মেসি

ফুটবল ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ে ট্রফি জয়ে এখন সবার শীর্ষে লিওনেল মেসি। এই রেকর্ডটি ছিল এতদিন দখলে ছিল মেসির সাবেক বার্সা

সতীর্থ দানি আলভেজের। এবার সেই রেকর্ড নিজের করে নিলেন এলএমটেন।

সোমবার (১৫ জুলাই) কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে রেকর্ড ১৬তম শিরোপা নিজেদের করে নিয়েছে আর্জেন্টিনা। এতেই ৪৫টি ট্রফি জয়ে এখন সবার শীর্ষে আর্জেন্টাইন অধিনায়ক। ২০০৫ সালে ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ জিতে শুরু মেসির।

এরপর বার্সেলোনার হয়ে ১০টি লা লিগা, ৭টি কোপা দেল রে, ৭টি স্প্যানিশ সুপার কাপ ও ৪টি চ্যাম্পিয়ন্স লিগ জেতেন মেসি। এছাড়া কাতালানদের হয়ে ৩টি করে উয়েফা সুপার কাপ ও ক্লাব বিশ্বকাপ জেতেন তিনি। বার্সার হয়ে মোট ৩৪টি শিরোপা জেতেন আটবারের ব্যালন ডি’অর জয়ী এই ফুটবলার।

বার্সার পাট চুকিয়ে পিএসজিতে গিয়েও সাফল্য পান মেসি। সেখানে দুটি ট্রফি জয়ের স্বাদ পান তিনি। এরপর ইন্টার মায়ামির হয়ে জেতেন একটি লিগ কাপ। অন্যদিকে আর্জেন্টিনার জার্সিতে অলিম্পিকে গোল্ড, দুটি কোপা আমেরিকা, একটি বিশ্বকাপ ও লা ফিনিলিসিয়াম জয় করেন মেসি।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার সময় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অর্থায়নে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। প্রধান অতিথির বক্তব্যে ডিসি বলেন, যারা খেলাকে

ভালোবাসে তারা অপরাধ থেকে দূরে থাকে, যারা খেলাকে ভালোবাসে তারা ফুলও ভালোবাসে। খেলায় জয় পরাজয় থাকবেই এটাই নিয়ম। ভালো খেলবো ভালো থাকবো, যারা ফুটবল কে ভালোবাসে তারা সবাইকে ভালোবাসে।

এখান থেকে আমরা ঘৃণা নিয়ে যাবো না, আমরা ভ্রাতৃত্ব মানষিকতা নিয়ে ফিরবো, আমরা সবাই সবার। খেলায় আমন্ত্রিত অতিথি সহ খেলার আয়োজক কমিটি সবাইকে ধন্যবাদ জানান।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর, পরিদর্শক অপারেশন হিমেল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলার শহীদ আজম সদু সহ বিভিন্ন অঞ্চল থেকে আগত আমন্ত্রিত দর্শক অতিথি বৃন্দ উপস্থিত ছিলেন। খেলার মাঠে ছিলো দর্শকদের উপচে পরা ভীড়। ফুটবল প্রেমীরা সহ উপস্থিত সকল দর্শক টুর্নামেন্টের মনোমুগ্ধক সেমিফাইনাল খেলা উপভোগ করেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করে তারা হলো কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ বনাম জুড়ানপুর ইউনিয়ন একাদশ। খেলার নির্ধারিত সময়ের মধ্যে জুরানপুর একাদশ কোন গোল করতে না পারলেও কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ ১টি গোল করে চ্যাম্পিয়ন হয় ।

খেলায় রেফারীর দায়িত্ব পালন করেন, সৈয়দ মাসুদুর রহমান, একরামুল হাসান নিপুন, সুভাষ চন্দ্র বিশ্বাস, ইউসুফ আলী। টুর্নামেন্টের ম্যাচ কমিশনার সাবেক জেলা ফুটবলার জাকির হোসেন। খেলায় ধারাভাষ্য দেন মোস্তাফিজুর রহমান।টুর্নামেন্টের ফাইনাল খেলায় উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী’র সঞ্চালনায় পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

মাদ্রিদ না লন্ডন, শিরোপার গন্তব্য কোথায়?

শেষ হচ্ছে ২৪ দল নিয়ে প্রায় এক মাস ধরে চলতে থাকা ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের মহারণ। পুরো আসরেই ছিল টানটান উত্তেজনা, মিশে ছিল নানান তর্কবিতর্ক। আজ রাতে স্পেন-ইংল্যান্ডের ফাইনাল ম্যাচ দিয়ে পর্দা নামবে টুর্নামেন্টের ১৭তম আসরের। এই ম্যাচ শুধু দুটি দেশের শিরোপালড়াই নয়, এই ম্যাচে একাধিক খেলোয়াড়ের মধ্যেও দেখা যাবে তুমুল প্রতিদ্বন্দ্বিতা।

যুদ্ধ হবে হ্যারি কেইন বনাম রদ্রির, জুড বিলিংহ্যাম বনাম লামিন ইয়ামালের। পাশাপাশি লড়াই সাউথগেটের মস্তিকের সঙ্গে লুইস দে লা ফন্তের অভিজ্ঞতার। আজ রাত ১টায় অলিম্পিয়াস্টাডিয়ন বার্লিন স্টেডিয়ামে হবে এমন রোমাঞ্চকর লড়াই।

এই প্রথম বিদেশের মাটিতে ফাইনাল খেলবে ইংল্যান্ড। এছাড়া গেল আসরে প্রথম বারের মতো ইউরোর ফাইনাল খেললেও শিরোপা ছুতে পারেনি তারা। এসব নজিরের সামনে দাঁড়িয়ে এক অবাক বিস্ময় ব্রিটিশদের মধ্যে। ধারণা করা হচ্ছে, ২০২০-এর হতাশা ভুলিয়ে বার্লিন থেকে কাপ নিয়ে ফিরবেন বিলিংহাম, সাকা ও ওয়াকাররা। এছাড়া ১৯৬৬ সালে ফিফা বিশ্বকাপ জয়ের পর এখন পর্যন্ত কোনো শিরোপার স্বাদ পায়নি ইংল্যান্ড। তাই বলা যায়, ইংলিশরা এই ম্যাচে নিজেদের সামর্থের সবটুকু দিয়ে নিজেদের ভাগ্য পরিবর্তনের দিকেই ছুটবেন। তবে কাজটা মোটেও সহজ হবে না।

কেননা, স্পেনও এই শিরোপার জন্য মরিয়া। প্রায় এক যুগ ধরে শিরোপার দেখা পায়নি স্প্যানিশরা। সবশেষ ২০১২ সালে ইউরো শিরোপা জিতেছিল তারা। এরপর আর সুবিধা করতে পারেনি দলটি। তবে এবার যেন অন্য আত্মবিশ্বাসেই ছুটছে লা রোজারা। সবার ধরাছোঁয়ার বাইরে, যেমন তাদের শিবিরে রয়েছে তরুণদের জাদু, তেমনি রয়েছে অভিজ্ঞদের সহায়তা। সব মিলিয়ে যেন এবারের শিরোপা নিজেদের ঘরে তোলার পণ করেই জার্মানে পা রেখেছেন লামিন-মোরাতারা। এতে বলাই যায়, ফাইনাল বিশ্ব ফুটবলে ছড়াবে অন্যরকম রোমাঞ্চ। মাঠে কেউ কাউকে ছেড়ে কথা বলবে না।

একনজরে স্পেনের এবারের ইউরো

এবারের আসরে এখনো পর্যন্ত অপরাজিত লা রোজারা। আর এতে ১২ বছর পর ফের ইউরো কাপের ফাইনালে উঠেছে স্পেন। গ্রুপ পর্যায়ে এবার স্পেন শুরু করেছিল লুকা মদ্রিচের ক্রোয়েশিয়ার বিরুদ্ধে। ৩-০ গোলে জিতে এবার ইউরো শুরু করেছিলেন লা ফন্তের শিষ্যরা। এছাড়া গতবারের ইউরো চ্যাম্পিয়ন ইতালির বিরুদ্ধেও স্পেনের জয় ১-০ গোলে। একই ব্যবধানে হারিয়েছে ২০১৬ সালের পর এবারে ইউরো খেলতে আসা আলবেনিয়াকেও।

এই ইউরোতে স্পেন একমাত্র দল, যারা গ্রুপের ম্যাচে দল নিয়ে নানা পরীক্ষা করেছে। বিশ্বকে উপহার দিয়েছে তাদের নতুন তিকিতাকা, যার উদাহরণ প্রি-কোয়ার্টার ফাইনালে জর্জিয়া ম্যাচ। জর্জিয়া এবারের আসরের সবচেয়ে দ্রুত ফুটবল খেললেও স্পেনের কাছে এসে করেছে আত্মসমর্পণ। হেরেছে ৪-১ গোলের ব্যবধানে। পরে এবারের আসরের দুই শিরোপার দাবিদারদেরও উড়িয়েছে তুমুল লড়াই করেই। কোয়ার্টার ফাইনালে স্বাগতিক জার্মানি ও সেমিফাইনালে ফ্রান্সকে হারিয়েছে ২-১ গোলের ব্যবধানে। তাতে দুই আসর পর ফের ফাইনালে উঠেছে স্পেন।

একনজরে ইংল্যান্ডে এবারের ইউরো

শিরোপার নেশায় বুঁদ এখন লন্ডন। তবে আসরের শুরু থেকেই তাদের পারফরম্যান্স ছিল প্রশ্নবিদ্ধ। টুর্নামেন্টে নিজেদের প্রথম ম্যাচে সার্ভিয়ার বিপক্ষে জয় তুলে নেওয়ার পর থেকেই তারা একের পর এক ধাক্কার মুখোমুখি হচ্ছিল। দ্বিতীয় ম্যাচে ডেনমার্কের বিরুদ্ধে হারা ম্যাচ বাঁচিয়ে ড্র। আর স্লোভেনিয়ার বিরুদ্ধে গোলশূন্য ড্র করে আরো লজ্জা নিয়ে মাঠছাড়া। এর নকআউটের দৌড়েও প্রথম ম্যাচে স্লোভাকিয়ার বিরুদ্ধেও কোনো রকমে হার বাঁচিয়েছে ইংরেজরা, জিতেছিল ২-১ গোলে।

১ গোলে পিছিয়ে থাকা অবস্থায় দেশকে জিতিয়ে মাঠ ছেড়েছেন হ্যারি কেন এবং সেই জুড। কোয়ার্টার ফাইনালে আরো কঠিন লড়াই। প্রতিপক্ষ সুইজারল্যান্ড। ১২০ মিনিট পর্যন্ত ম্যাচের ফল ১-১। এরপর ইংলিশ গোলকিপার জর্ডন পিকফোর্ডের হাতে স্বস্তি। সেমিফাইনালে ডাচদের বিপক্ষেও হামাগুড়ি দিয়েছিলেন গ্যারেথ সাউথগেটের শিষ্যরা। ম্যাচের শুরুতেই গোল হজমের পর সমতায় ফেরে হ্যারি কেনের পেনালটি থেকে। তারপর একবারে শেষ মুহূর্তে সুপার সাব ওলে ওয়াটকিন্সের গোলে টানা দ্বিতীয় বারের মতো ফাইনাল নিশ্চিত করে ইংলিশরা।

ফাইনালে আলাদা নজর থাকবে যাদের ওপর

ইংল্যান্ড-স্পেন দুই দলেই তারকায় ঠাসা। তবে তাদের মধ্য থেকেও সমর্থকদের আলাদা প্রত্যাশা থাকবে তরুণ বেশ কিছু ফুটবলারের ওপর, যাদের মধ্যে রয়েছে স্পেনের লামিন ইয়ামাল, দানি ওলমো। এছাড়া ইংল্যান্ডে রয়েছে জুড বেলিংহাম ও ফিল ফোডেন। এতে করে ফাইনালে এই তরুণ ফুটবলারদের মধ্যেও হবে তুমুল প্রতিদ্বন্দ্বিতা। জুড ও ওলমো দুই জনেই দুই দলের মাঝমাঠের প্রাণ। ফুটবল ম্যাচ জেতার জন্য মাঝমাঠের নিয়ন্ত্রণ নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। অধিকাংশ আক্রমণ তৈরি হয় মাঝমাঠ থেকে। আবার প্রতিপক্ষের আক্রমণ সেখানেই নিষ্ক্রিয় করে দেওয়ার চেষ্টা করে যে কোনো দল।

তাই বলাই যায়, ফাইনালে বার্লিনে বাড়তি দায়িত্ব থাকবে এই দুই জনের ওপরই। এছাড়া আক্রমণভাগে দুই দলের হয়ে ত্রাস সৃষ্টি করবে লামিন ও ফোডেন। এ দুই তরুণেরই দক্ষতা রয়েছে গোল করে এগিয়ে যাওয়ার। এবারের আসরে এ দুই ফুটবলার রয়েছেন দারুণ ছন্দেও। তাই বলা যায়, এ দুই উঙ্গার পরীক্ষা নিতে পারে দুই দলের গোলরক্ষকদের।

সূত্র: ইত্তেফাক